# হাকিমপুর পৌরসভা কার্যালয়
## হাকিমপুর, দিনাজপুর।

স্মারক নং- দিনাজ/হাকিম/পৌরঃ/হাঃপৌঃসঃ/২০২৬/ ৭৮ তারিখ ঃ- ২৮/০১/২০২৬ খ্রিঃ।

**দোকান বরাদ্দের বিজ্ঞপ্তি**

এতদ্দ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হাকিমপুর পৌরসভা মালিকানাধীন ০৩ নং ওয়ার্ডে নির্মিত মার্কেটের ১৩ (তেরো) টি দোকান নির্ধারিত সালামী ও ভাড়ার ভিত্তিতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বরাদ্দ প্রদানের নিমিত্তে বর্ণিত সময় সূচী অনুযায়ী সীল মোহরকৃত খামে প্রকৃত ব্যবসায়ী/ আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদন ফরম নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী পৌরসভা কার্যালয়ে হিসাব শাখা হতে পাওয়া যাবে।

| ক্রমিক নং | দোকানের বিবরন | দোকানের পরিমাপ | সালামীর পরিমান | মাসিক ভাড়ার পরিমান | আবেদন ফরমের মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | দোকান নং - ০১ (মুদিখানা) | ১৫'-০০''X১৩'-০০''= ১৯৫ বর্গফুট | ১২,০০,০০০/- | ৩,৫০০/- | ১৫০০/- |
| ০২ | দোকান নং - ০২ (মুদিখানা) | ১৫'-০০''X১৩'-০০''= ১৯৫ বর্গফুট | ১২,০০,০০০/- | ৩,৫০০/- | ১৫০০/- |
| ০৩ | দোকান নং - ০৩ (মাংস দোকান) | ১০'-০০''X১৩'-০০''= ১৩০ বর্গফুট | ১০,০০,০০০/- | ৩,০০০/- | ১০০০/- |
| ০৪ | দোকান নং - ০৪ (মাংস দোকান) | ১০'-০০''X১৩'-০০''= ১৩০ বর্গফুট | ১০,০০,০০০/- | ৩,০০০/- | ১০০০/- |
| ০৫ | দোকান নং - ০৫ (মাংস দোকান) | ১০'-০০''X১৩'-০০''= ১৩০ বর্গফুট | ১০,০০,০০০/- | ৩,০০০/- | ১০০০/- |
| ০৬ | দোকান নং - ১০ (মাছের দোকান) | ০৮'-০০''X১২'-০০'' = ৯৬ বর্গফুট | ৮,০০,০০০/- | ২,৫০০/- | ১০০০/- |
| ০৭ | দোকান নং - ১১(মাছের দোকান) | ০৮'-০০''X১২'-০০'' = ৯৬ বর্গফুট | ৮,০০,০০০/- | ২,৫০০/- | ১০০০/- |
| ০৮ | দোকান নং - ১২(মাছের দোকান) | ০৮'-০০''X১২'-০০'' = ৯৬ বর্গফুট | ৮,০০,০০০/- | ২,৫০০/- | ১০০০/- |
| ০৯ | দোকান নং - ১৩(মাছের দোকান) | ০৮'-০০''X১২'-০০'' = ৯৬ বর্গফুট | ৮,০০,০০০/- | ২,৫০০/- | ১০০০/- |
| ১০ | দোকান নং - ০৬ (সবজি দোকান) | ০৭'-০৮''X১২'-০০'' = ৯২ বর্গফুট | ৮,০০,০০০/- | ২,৫০০/- | ১০০০/- |
| ১১ | দোকান নং - ০৭ (সবজি দোকান) | ০৭'-০৮''X১২'-০০'' = ৯২ বর্গফুট | ৮,০০,০০০/- | ২,৫০০/- | ১০০০/- |
| ১২ | দোকান নং - ০৮ (সবজি দোকান) | ০৭'-০৮''X১২'-০০'' = ৯২ বর্গফুট | ৮,০০,০০০/- | ২,৫০০/- | ১০০০/- |
| ১৩ | দোকান নং - ০৯ (সবজি দোকান) | ০৭'-০৮''X১২'-০০'' = ৯২ বর্গফুট | ৮,০০,০০০/- | ২,৫০০/- | ১০০০/- |

আবেদন ফরম বিক্রয়, জমা ও খোলার সময়সূচী :

| আবেদন ফরম বিক্রয় পর্যায় | ফরম বিক্রয় শেষ তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | আবেদন ফরম খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম | ০৮/০২/২০২৬ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৯/০২/২০২৬ খ্রি. দুপুর ১.০০ ঘটিকা | ০৯/০২/২০২৬ খ্রিঃ দুপুর ২.০০ ঘটিকা | ১মবার কাঙ্খিত মূল্য পাওয়া না গেলে ২য় পর্যায়ে এবং ২য়বার কাঙ্খিত মূল্য পাওয়া না গেলে ৩য় পর্যায়ে ফরম বিক্রয় করা হবে। |
| ২য় | ১৭/০২/২০২৬ হতে ২২/০২/২০২৬ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৩/০২/২০২৬ খ্রি. দুপুর ১.০০ ঘটিকা | ২৩/০২/২০২৬ খ্রিঃ দুপুর ২.০০ ঘটিকা | |
| ৩য় | ০৩/০৩/২০২৬ হতে ০৮-০৩-২০২৬ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৯/০৩/২০২৬ খ্রি. দুপুর ১.০০ ঘটিকা | ০৯/০৩/২০২৬ খ্রিঃ দুপুর ২.০০ ঘটিকা | |

শর্তাবলি ঃ-

১। আবেদন পত্রে তথ্যাদি লিপিবদ্ধ পূর্বক আবেদনকারীর সত্যায়িত ০২ (দুই) কপি ছবি, জাতীয় পরিচয় পত্র, টিন সার্টিফিকেট (যদি থাকে) ও ট্রেড লাইসেন্স এর ফটোকপি আবেদনের সাথে জমা দিতে হবে। অসম্পুর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

২। কোন ব্যক্তি বা পরিবারের সদস্য একাধিক দোকানের জন্য আবেদন করতে পারবেন না।

৩। দোকান বরাদ্দের জন্য নির্ধারিত দোকান নম্বরের বিপরীতে দরপত্রে দাখিলকৃত সালামী টাকার ৫০% যে কোন তফশীলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে প্রশাসক, হাকিমপুর পৌরসভা এর অনুকুলে সিডিউলের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে। বরাদ্দ প্রাপক অবশিষ্ট টাকা সাময়িক বরাদ্দ পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এককালীন পরিশোধ করে ৩০০/- (তিনশত টাকা) মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পৌরসভা পাবলিক মার্কেট আদর্শ উপ-আইনমালা, ২০০৩ এর সকল বিধি বিধান মোতাবেক কর্তৃপক্ষের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় বরাদ্দ প্রাপ্তি বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত সালামীর ১০% (শতকরা দশ ভাগ) পৌরসভা বরাবরে বাজেয়াপ্ত করা হবে।

চলমান -

৪। বরাদ্দ প্রাপক নিজ ব্যয়ে বৈদ্যুতিক লাইন সংযোগ সহ যাবতীয় ফিটিংস কাজ সমাধা করিবেন এবং দোকানে ব্যবহৃত ইউটিলিটি বিল (বিদ্যুৎ, পানি, গ্যাস, টেলিফোন বা অনুরুপ সার্ভিস) পরিশোধ করবেন।
৫। বরাদ্দকৃত দোকানের মাসিক ভাড়া প্রতি ০৩ (তিন) বছর পর পর সংশ্লিষ্ট এলাকার অনুরুপ দোকানের সাথে সামঞ্জস্য রেখে কর্তৃপক্ষ ভাড়া বৃদ্ধি করতে পারবেন।
৬। বরাদ্দযোগ্য দোকান সমূহের বিপরীতে যোগ্য আবেদনকারীর সংখ্যা একাধিক হলে উন্মুক্ত লটারীর মাধ্যমে বরাদ্দ প্রাপক নির্বাচন করা হবে।
৭। বরাদ্দ প্রাপক পৌরসভার অনুমতি ব্যতিরেকে অন্য কারো নিকট বরাদ্দপ্রাপ্ত দোকান হস্তান্তর বা ভাড়া প্রদান করতে পারবেন না। তবে পৌরসভার পূর্ব অনুমোদনক্রমে **১২** (বারো) মাসের ভাড়ার সম পরিমান টাকা হস্তান্তর ফি এবং ০২ (দুই) মাসের ভাড়ার সম পরিমান টাকা অনুমতি ফি হিসাবে জমা প্রদান করে অন্যত্র হস্তান্তর করতে পারবেন।
৮। বরাদ্দ প্রাপক প্রতি মাসের মাসিক ভাড়া ও সরকার নির্ধারিত হারে ভ্যাট উক্ত মাসের প্রথম সপ্তাহের মধ্যে পরিশোধ করবেন। ধার্যকৃত ভাড়ার টাকা একাধারে ০৩ (তিন) মাস প্রদান করতে ব্যর্থ হলে বরাদ্দকৃত দোকান বিনা নোটিশে বাতিল বলে গণ্য হবে।
৯। নোটিশে উল্লিখিত সালামী ও মাসিক ভাড়ার টাকা নির্ধারিত পরিমাণের কম হলে দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১০। পৌরসভা পাবলিক মার্কেট আদর্শ উপ-আইনমালা, ২০০৩ এর সকল বিধি বিধান ও শর্তাবলী এই বিজ্ঞপ্তির অবিচ্ছেদ্য অংশ হিসাবে বিবেচিত হবে।
১১। বরাদ্দ প্রাপ্ত দোকানদারগণ বৈধ ব্যবসা ব্যতিত স্টোররুম/গোডাউন/আবাসিক উদ্দেশ্যে ব্যবহার করতে পারবেন না।
১২। যে কোন শর্তাবলীতে মতানৈক্য সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।
১৩। বরাদ্দ প্রাপক চুক্তিপত্রের শর্তসমূহ পালনে ব্যর্থ হলে পৌরসভা কর্তৃক সম্পাদিত চুক্তিপত্রসহ সংশ্লিষ্ট দোকানের বরাদ্দ বাতিল করা হবে।
১৪। দোকান বরাদ্দ প্রাপকগণ সরকার অথবা পৌরসভা কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশসমূহ মেনে চলতে বাধ্য থাকবেন।
১৫। দোকানের ব্যবসা সার্বক্ষনিক সচল রাখার স্বার্থে সকল শর্তসমূহ পরিবর্তন বা পরিবর্ধন করার জন্য পৌর কর্তৃপক্ষ ক্ষমতাবান থাকবেন।
১৬। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিল করা ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

২৮/০৮/২০২৫

মোঃ সাব্বির হোসেন
প্রশাসক
ও
সভাপতি
দোকান বরাদ্দ কমিটি
হাকিমপুর পৌরসভা, দিনাজপুর।

সদয় অবগতির জন্য –
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। পুলিশ সুপার, দিনাজপুর।
অনুলিপি জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য -
৪। উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর।
৫। জনাব ... ... ... ... ... ... ... ..., সহায়ক সদস্য, হাকিমপুর পৌরসভা, দিনাজপুর।
৬। সভাপতি/সম্পাদক, হিলি বাজার ব্যবসায়ী সমিতি, বাংলা হিলি, হাকিমপুর, দিনাজপুর।
৭। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ... ... ... ... ... ... ... ... ..., ঢাকা।
৮। অত্র পৌরসভার নোটিশ বোর্ড/ওয়েবসাইট।
০৯। অফিস কপি।